

Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 16 April, 2025

সিঙ্গেল স্ক্রিন থেকে মাল্টিপ্লেক্স, শাকিব খানের ঈদের ছবি 'বরবাদ' দেখতে দর্শকের হুমড়ি খেয়ে পড়াটা ছিল দেখার মতোই। মেহেদী হাসান হৃদয় পরিচালিত এই সিনেমা মুক্তির দিন থেকেই হাউজফুল। শো বাড়িয়েও লাভ হয়নি, মেলেনি টিকিট!

এ তো দেশের প্রেক্ষাগৃহের গল্প! বিদেশের প্রেক্ষাগৃহে শাকিব খানের ছবি এমনই কিছু ঘটাতে যাচ্ছে তা বলাই যায়। শোনা যাচ্ছে, আমেরিকায় 'বরবাদ'-এর টিকিট মিলছে না; বিক্রি শুরুর একদিনের মধ্যেই দেশটির দুই শহরের টিকিট শেষ।

শাকিব খানের প্রযোজনা প্রতিষ্ঠান এসকে ফিল্মস ইউএসএ আন্তর্জাতিকভাবে 'বরবাদ'-এর পরিবেশনা করতে যাচ্ছে। আগামী ১৮ এপ্রিল যুক্তরাষ্ট্রে এবং ১৯ এপ্রিল কানাডার কিছু প্রেক্ষাগৃহে তাদের হাত ধরেই মুক্তি পাচ্ছে ছবিটি। এসকে ফিল্মস জানিয়েছে, আমেরিকায় বেশ ভালো সাড়া পাচ্ছে 'বরবাদ'। এসকে ফিল্মস ইউএসএ'র কর্মকর্তা বদরুদ্দোজা সাগর বলেন, 'বরবাদ'-এর টিকিট ঘোষণার দিনেই সোল্ড আউট হয়ে গেছে। নর্থ আমেরিকার কানেকটিকাট ও বোস্টনে প্রথম দিনেই বরবাদ-এর টিকিট শেষ। মিশিগানেও প্রায় সব টিকিট সোল্ড আউট। আগামী ১৮ এপ্রিল থেকে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক, বোস্টন, ভার্জিনিয়া, ওয়াশিংটন ডিসি, আটলান্টা, মিশিগান, সান ফ্রান্সিসকো, লস অ্যাঞ্জেলেসে, ম্যারিল্যান্ড, বাফেলো, ফিলাডেলফিয়াসহ বাঙালি অধ্যুষিত প্রেক্ষাগৃহগুলোতে 'বরবাদ' প্রদর্শিত হবে। ১৯ এপ্রিল কানাডার বাঙালি জনবসতিপূর্ণ মন্ট্রিয়াল, অটোয়া ও টরন্টো—এই তিন শহরে সিনেমাটি চলবে।

শাকিব খান বরবাদ সিনেমা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:57

URL: <https://www.timestodaybd.com/entertainment/929775807>